গোষ্ঠী জীবন বীমা চুক্তি

আজ ইং মোতাবেক

বাংলাদেশ (অতঃপর নিয়োগকর্তা নামে অভিহিত) এবং/অথবা বিষয়বস্তুর বরখেলাপ বা বিরোধী না হইলে এই সংস্থার উত্তরাধিকারী, স্বত্বাধিকারী, পরিচালক ও আইনানুগ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি তথা

....১ম পক্ষ

এবং

সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ,সন্ধানী লাইফ টাওয়ার,রাজউক প্লট নং ৩৪,বাংলামটর, ঢাকা-১০০০। অতঃপর কোম্পানী নামে অভিহিত এবং/অথবা বিষয়বস্তুর বরখেলাপ বা বিরোধী না হইলে এই সংস্থার উত্তরাধিকারী, স্বত্বাধিকারী, পরিচালক ও আইনানুগ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি তথা

....২য় পক্ষ

উপরে বর্ণিত দুই পক্ষের সমঝোতা ও সিদ্ধান্ত অনুযায়ী ১ম পক্ষের আওতাধীন হেলথ্ কেয়ার ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড-এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য গোষ্ঠী জীবন বীমা পরিকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে অতঃপর তফসিল, আনুষাঙ্গিক শর্তাবলী ও সাধারণ নিয়মাবলী অনুযায়ী এই গোষ্ঠী জীবন বীমা চুক্তিনামা সম্পাদিত হইল।

তফসিল

১।	বীমার নাম	ঃ গোষ্ঠী সাময়িক জীবন বীমা।
২।	নিয়োগকর্তার নাম ও ঠিকানা	ঃ , বাংলাদেশ।
৩।	বীমাকৃত ব্যক্তিবর্গের সংখ্যা	ঃ নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত কর্মকর্তা ও কর্মচারীগনের তালিকা মোতাবেক।
৪।	বীমাকৃত ব্যক্তিবর্গের বিবরণ	ঃ নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত কর্মকর্তা ও কর্মচারী যারা এ কর্মরত তাদের তালিকায় বর্ণনানুযায়ী।
৫।	বীমা শুরুর তারিখ	ঃ ইং হতে।
৬।	বীমাকৃত ব্যক্তিবর্গের জনপ্রতি বীমা অংক	ঃ নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত কর্মকর্তা ও কর্মচারীর তালিকায় প্রদর্শিত বীমা অংক, দুর্ঘটনায় মৃত্যুতে বীমা অংকের দ্বিগুন টাকা পাবে।
৭।	যে ঘটনা সংঘটিত হইলে বীমা অংক পরিশোধযোগ্য	ঃ যে কোন কারণে বীমাকৃত থাকাকালীন সময়ে মৃত্যু হলে, উল্লেখিত সুবিধাদির তফসিল অনুযায়ী।
৮।	ঝুঁকির পরিসমাপ্তি	ঃ প্রতি বছর প্রিমিয়াম প্রদান সাপেক্ষে ঝুঁকি গ্রহনের ৩(তিন) বছর অতিক্রম হওয়ার পরে।
৯।	চুক্তির মেয়াদ	ঃ ইং তারিখ থেকে পরবর্তী ৩(তিন) বছর।
১০।	(ক) প্রিমিয়াম হার	ঃ প্রতি হাজার টাকা বীমার জন্য সহযোগী বীমাসহ বার্ষিক টাকা মাত্র।
	(খ) কখন পরিশোধযোগ্য	ঃ প্রতি বছর ১(এক) বার ঝুঁকি গ্রহণের শুরুতে ।
১১।	বীমা অন্তর্ভুক্তিতে বয়সের সীমা ঃ	
	ক) সর্বনিম্ন বয়স	ঃ ১৮ বছর।
	খ) সর্বোচ্চ বয়স	ঃ ৫৯ বছর।

সুবিধাদির তফসিল

মরনোত্তর দাবী ঃবীমাকৃত কোন সদস্যের মৃত্যু হইলে সাধারণ নিয়মাবলীর অনুচ্ছেদ-১২ এ বর্ণিত দাবীঃ এর শর্তাবলী পূরণ ও মৃত সদস্যের সঠিক বয়সের প্রমাণ সরবরাহের পর নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত তালিকায় বর্ণিত বীমা অংকের টাকা কোম্পানী নিয়োগকর্তাকে চেকের মাধ্যমে পরিশোধ করিবে। এরূপ পরিশোধের পর তাৎক্ষনিকভাবে মৃত বীমাকৃত সদস্যের বীমা ঝুঁকির পরিসমাপ্তি ঘটিবে।

সহযোগী বীমার বর্ণনা ঃ (Supplementary Coveage)

- **দুর্ঘটনার কারণে মৃত্যুতে দ্বিগুন ক্ষতিপুরন বীমা(ADB)** ঃ দুর্ঘটনার কারণে সরাসরি মৃত্যু হলে মূল বীমাকৃত অংক ছাড়াও এর সমপরিমান টাকা অতিরিক্ত প্রদান করা হবে।
- অঙ্গহানী বীমার ক্ষতিপুরনঃ **দুর্ঘটনার কারণে বীমা গ্রাহক স্থায়ী পঙ্গুত্ব বা আংশিক পঙ্গুত্ব হলে বীমা অংকের শতকরা হারে সুবিধাদী প্রদান করা হবে।**

লভ্যাংশ বন্টন (Profit Commission Payment) : উভয় পক্ষের সম্পাদিত চুক্তির ৩ (তিন) বছর মেয়াদ অন্তর এই গ্রুপ বীমা প্রক্রিয়ায় লাভ লোকসান নির্ধারন করা হবে এবং যদি কোন লাভ হয় তবে তার শতকরা ৫০% ১ম পক্ষ/ প্রিমিয়াম প্রদানকারী সংস্থা বা প্রতিষ্ঠানকে ২য় পক্ষ Profit Commission হিসেবে ফেরৎ দিবে।

Profit Commission নির্ধারন পদ্ধতি :- চুক্তিভুক্ত ৩ (তিন) বছরে প্রাপ্ত মোট প্রিমিয়াম থেকে ২য় পক্ষের ব্যবস্থাপনা খরচ হিসাবে ২৫ % অর্থ ও উক্ত সময়ের জন্য পরিশোধকৃত সকল দাবীর অর্থ বাদ দিয়ে যদি কোন উদ্বৃত্ত অর্থ থাকে তবে তার ৫০% ১ম পক্ষকে Profit Commission হিসেবে ফেরৎ দেওয়া হবে। এক্ষেত্রে গ্রুপে নূন্যতম **৪০০ (চারশত)** জন সদস্য **চুক্তিভুক্ত না হলে** Profit Commission সুবিধা প্রযোজ্য হবে না।

সাধারণ শর্তাবলী

অনুচ্ছেদ-০১ চুক্তিঃ

নিয়োগকর্তার ঘোষনা, বীমাকৃত প্রত্যেক সদস্যের আবেদন এবং উপরে বর্ণিত বীমার সুযোগ সুবিধার তফসিল সহ এই চুক্তিনামা উভয় পক্ষের মধ্যে সম্পাদিত। যে সকল বিবরণ নিয়োগকর্তার পক্ষ হইতে প্রদান করা হইবে তা নির্ভরপত্র হিসাবে গণ্য হইবে। বীমাকৃত কোন সদস্যের কোন বিবৃতি কোম্পানী কর্তৃক লিপিবদ্ধ হইয়া কোন বীমাকৃত ব্যক্তি বা তাঁহার উপর অথবা কোন সুবিধা ভোগকারীর উপর জারী না হওয়া পর্যন্ত কার্যকরী হইবে না।

কোম্পানীর পক্ষ হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন অফিসার ছাড়া কোন প্রতিনিধি/ব্যক্তি এই চুক্তি-দলিলের কোন শর্ত পরিবর্তন বা প্রিমিয়াম প্রদানের সময় বর্ধিত করিতে পারিবে না।

অনুচ্ছেদ-০২ নিয়োগকর্তা যে সকল তথ্য সরবরাহ করিবেনঃ

বীমা ঝুঁকি শুরু হওয়ার পূর্বেই যে সকল সদস্য বীমার আওতাভুক্ত হইবেন, তাঁহাদের পূর্ণাঙ্গ তালিকা কোম্পানীর বরাবরে এবং পর্যায়ক্রমে যাঁহারা বীমার আওতায় আসিবেন সে সকল সদস্যের পূর্ণ বিবরণসহ তালিকা যথা সময়ে কোম্পানীকে সরবরাহ করিতে হইবে।

বীমা ঝুঁকির সহিত সম্পর্কযুক্ত সকল উপাত্ত, সংবাদ অথবা তথ্য কোম্পানী নিয়োগকর্তার নিকট চাহিবার অধিকার সংরক্ষণ করে এবং/অথবা নিয়োগকর্তা উহা সরবরাহ করিতে বাধ্য থাকিবেন। কোম্পানী সরল বিশ্বাসে কোন তথ্য অথবা বিবরণ গ্রহণ করিলে এবং পরবর্তীকালে উহা অসত্য অথবা ভুল প্রামাণিত হইলে তাহার কোন দায়দায়িত্ব কোম্পানীর উপর বর্তাইবে না।

অন্যদিকে নিয়োগকর্তা কর্তৃক সরবরাহকৃত কোন তথ্য, সংবাদ অথবা উপাত্তে করণিক ভুল থাকিলে কোন সদস্যের বীমা ঝুঁকি ক্ষতিগ্রস্ত হইবে না। এরূপ ভুল ধরা পড়ার সঙ্গে সঙ্গে তাহার যথাযথ সংশোধন করিবার নিমিত্তে নিয়োগকর্তা কোম্পানীকে অবহিত করিবেন।বিশেষ পৃষ্ঠাংকন (এনডোর্সমেন্ট), তদন্ত, পূণর্বহাল, বীমা টিকিট সম্পর্কিত অথবা কোন ভুল সংশোধনের জন্য নিয়োগকর্তা কোম্পানীকে প্রয়োজনে এই দলিল সরবরাহ করিবেন।

অনুচ্ছেদ-০৩ প্রিমিয়ামঃ

বীমা ঝুঁকি আরম্ভের শুরুতে সদস্যদের তালিকা প্রেরনের সময় এবং পরবর্তীকালে চুক্তি প্রতিবার নবায়নের তারিখে একই পদ্ধতিতে প্রিমিয়াম নিয়োগকর্তা কোম্পানীর অনুকূলে অগ্রীম পরিশোধ করিবেন।

প্রথম প্রিমিয়াম ছাড়া পরবর্তী প্রিমিয়াম উহার প্রদেয় তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিন অনুগ্রহকালের মধ্যে পরিশোধ করা যাইবে এবং উহা পরিশোধ সাপেক্ষে এই অনুগ্রহকালের জন্য বীমা ঝুঁকি যথারীতি বলবৎ থাকিবে।

অনুচ্ছেদ-০৪ অর্ন্তভূক্তির যোগ্যতাঃ

২নং অনুচ্ছেদে বর্ণনা অনুসারে কোম্পানী কর্তৃক সরবরাহকৃত ছক অনুযায়ী নিয়োগকর্তার যে সকল সদস্য বীমায় অন্তর্ভুক্তির যোগ্য বলিয়া বিবেচিত হইবেন এবং যাহাদের বিবরণ কোম্পানীকে সরবরাহ করা হইয়াছে তাহারাও বীমায় অন্তর্ভুক্ত হইবেন। নতুন কোন সদস্য বা যে সকল সদস্যের বিবরণী উক্ত তালিকা হইতে বাদ পড়িয়াছে বীমায় অন্তর্ভুক্তির যোগ্যতা সাপেক্ষে তাহাদের বিবরণী যথানিয়মে কোম্পানী সরবরাহ করিবার পর তিনি/তাঁহারা ও বীমার অন্তর্ভুক্ত হইবেন। কোন অসুস্থ ব্যক্তি বীমা ঝুঁকির আওতাভূক্ত হতে পারবে না। বীমা ঝুঁকি আরম্ভের তারিখে অসুস্থতার কারণে যদি কোন সদস্য অনুপস্থিত থাকেন, তাহলে তার/তাঁহাদের সুস্থ হইয়া কাজে যোগদানের তথ্যাদি কোম্পানীকে জানাইবার পর তাহারা বীমায় অন্তর্ভুক্ত হইবেন।

অনুচ্ছেদ-০৫ সদস্যওয়ারী বীমায় অন্তর্ভুক্তির তারিখঃ

বীমা তফসিলে বর্ণিত যোগ্যতাসম্পন্ন সদস্যগণের বীমায় অন্তর্ভুক্তির জন্য নিয়োগকর্তা যে তারিখ হইতে বীমাকৃত করার অনুরোধ জানাইবে, সেই তারিখই সদস্যওয়ারী বীমায় অন্তর্ভুক্তির তারিখ বলিয়া বিবেচিত হইবে।

অনুচ্ছেদ-০৬ বীমা চুক্তির মেয়াদঃ

এই চুক্তিটি স্বয়ংক্রিয়ভাবে নবায়িত হইতে থাকিবে এবং **৩(তিন) মাসের অগ্রীম** রেজিষ্টার্ড নোটিশ প্রদান সাপেক্ষে যে কোন পক্ষ চুক্তিটি বাতিল করিতে পারিবেন।

অনুচ্ছেদ-০৭ বীমায় রদবদল ঃ

কোন সদস্যের বীমাঝুঁকি সংক্রান্ত তথ্যের কোনরূপ রদবদল কার্যকর করিতে হইলে নিয়োগকর্তা সংস্থা তৎক্ষণাৎ কোম্পানীকে লিখিতভাবে তা অবহিত করিবে। এইরূপ পরিবর্তনের সংবাদ প্রাপ্তির সঙ্গে সঙ্গে বীমাকৃত সদস্যের তালিকাটি কোম্পানী যথোপযুক্ত পরিবর্তন এবং প্রদানযোগ্য প্রিমিয়ামের যথাযথ সমন্বয় সাধন করিবে।

অনুচ্ছেদ-০৮ বাতিলযোগ্য দায় ঃ

নিয়োগকর্তা কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে যদি প্রিমিয়াম প্রদান করা না হয় এবং/অথবা চুক্তি দলিলে উল্লেখিত কোন শর্ত অমান্য করা হয় এবং/অথবা নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত কোন তথ্য অথবা বিবরণ অসামঞ্জস্যপূর্ণ হয় অথবা বীমাঝুঁকি সংক্রান্ত কোন মৌলিক তথ্য নিয়োগকর্তা কর্তৃক গোপন রাখা হয় এবং/অথবা কোন তথ্য বিকৃতভাবে উপস্থাপন করা হয়, তাহা হইলে ১৯৩৮ সালের বীমা আইনের ৪৫ ধারা অনুযায়ী উপরোল্লিখিত কোন কারণে যে সদস্যের বা সদস্যগণের বীমাঝুঁকির দায় কোম্পানীর উপর বর্তাইয়াছে, এবং/অথবা বর্তাইবে, তাহা অথবা ঐরূপ ঝুঁকি হইতে উদ্ভুত কোন দাবী/প্রদেয় সুবিধাদি সম্পূর্ণরুপে বা যতটুকু অনুরুপ অসত্য বিবৃতির মাধ্যমে কার্যকরী হইয়াছে, ততটুকু বাতিল ও বীমার অযোগ্য বলিয়া বিবেচিত হইবে। এরুপ ক্ষেত্রে নিয়োগকর্তা কর্তৃক পরিশোধিত যে কোন অংকের অর্থ কোম্পানী বাজেয়াপ্ত করিতে পারিবে এবং উপরোক্ত কারণে কোম্পানীর যে পরিমান ক্ষতি হইবে/হইয়াছে কোম্পানী ঠিক ততটুকু অর্থের দাবীদার বলিয়া বিবেচিত হইবে। তবে সংশ্লিষ্ট আইনের সহিত সংগতি রাখিয়া কোম্পানী কর্তৃক কোন শর্ত/শর্তাবলী আরোপ এবং নিয়োগকর্তা কর্তৃক উহা পূরণ সাপেক্ষে উপরে বর্ণিত অনিয়ম কোম্পানী উপেক্ষা করিয়া ব্যক্তিবিশেষের অথবা সকল বীমা পূর্ণ বা উহার অংশবিশেষ পূণর্বহাল করিতে হইবে।

চলমান পাতা-৪

অনুচ্ছেদ-০৯ অবস্থান ও ভ্রমন ঃ

এই চুক্তির অধীনে কোন সদস্যের কোথাও অবস্থান অথবা ভ্রমন সংক্রান্ত ব্যাপারে কোন বিধিনিষেধ নাই। অনুমোদিত বাণিজ্যিক বিমান সংস্থা কর্তৃক পরিচালিত বিমানের ভাড়া প্রদানকারী যাত্রীর জীবনের ঝুঁকি ছাড়া অন্য কোনরূপ আকাশ-ভ্রমনের ঝুঁকি কোম্পানী গ্রহণ করিবে না।

অনুচ্ছেদ-১০ স্বত্বান্তর ঃ

এই চুক্তিনামায় যে সকল সুবিধার বিধান দেওয়া হইয়াছে, তাহা বীমাকৃত কোন সদস্য বা অন্য কারো পক্ষে হস্তান্তর করা বা বন্ধক রাখা যাইবে না।

অনুচ্ছেদ-১১ সদস্যওয়ারী বীমা পরিসমাপ্তি ঃ

পরিকল্প বলবৎ থাকাকালে কোন সদস্যের বয়স ৬০ বৎসর অতিক্রান্ত করিলে তাঁহার জন্য বীমার পরিসমাপ্তি ঘটিবে এবং তিনি বীমার বহির্ভূত বলিয়া বিবেচিত হইবেন।

অনুচ্ছেদ-১২ দাবী ঃ

বীমাকৃত কোন সদস্যের মৃত্যুর খবর কোম্পানীকে লিখিতভাবে জানাইতে হইবে। এই জন্য কোন দাবী পরিশোধের পূর্বে নিয়োগকর্তা কর্তৃক লিখিতভাবে মৃত্যুর সঠিক তথ্যের প্রমাণ, সদস্যের মৃত্যুকালীন বয়সের প্রমাণপত্র ও ঐ সময়ে বীমা চালু অবস্থায় বীমাকৃত ব্যক্তির মৃত্যু হইয়াছে কিনা এই মর্মে সার্টিফিকেট দাখিল করিতে হইবে। ইহা ছাড়াও মৃত সদস্যের মৃত্যুর কারণ ও রোগের স্থায়িত্বসহ তাহাকে চিকিৎসা দানকারী সর্বশেষ চিকিৎসকের সার্টিফিকেট জমা দিতে হইবে। বীমাকৃত সদস্যের মৃত্যুর ৯০ (নব্বই) দিনের মধ্যে কোম্পানীকে জানাইতে হইবে, অন্যথায় উহা সময়োত্তীর্ণ বলিয়া বিবেচিত হইবে। কোম্পানী কর্তৃক দাবী অনুমোদিত হইবার পর উহার চুড়ান্ত ও পূর্ণ নিষ্পত্তি বাবদ প্রদেয় টাকার চেক কোম্পানী নিয়োগকর্তাকে প্রদান করিবে।

অনুচ্ছেদ-১৩ স্বাস্থ্য পরীক্ষাঃ

কোন সদস্যকে বীমাকৃত করার জন্য ব্যক্তিগত স্বাস্থ্য সম্পর্কিত বিবৃতি অথবা ডাক্তারী পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী কোম্পানী নির্ধারণ করিবে এবং প্রয়োজন হইলে উহা প্রদানের জন্য নিয়োগকর্তাকে জ্ঞাত করিবে।

অনুচ্ছেদ-১৪ মধ্যস্থতাকারী নিয়োগ ঃ

১৯৪০ সালের মধ্যস্থতাকারী আইন অনুসারে এই চুক্তিনামায় যে কোন শর্ত/শর্তসমমূহ (আংশিক এবং/অথবা সামগ্রিক) বা গোষ্ঠী জীবন বীমা সংক্রান্ত কোন বিষয়ে উভয় পক্ষের মধ্যে মতানৈক্য হইলে সংশ্লিষ্ট অনুচ্ছেদের সঠিক ব্যাখ্যা এবং/অথবা ঐরুপ মতানৈক্য নিরসনের জন্য উভয় পক্ষের সমঝোতা সাপেক্ষে একজন মধ্যস্থতাকারী, আর যদি উভয় পক্ষ একমত হইতে না পারে তবে উভয়পক্ষ একজন করিয়া মোট দু'জন মধ্যস্থতাকারী নিয়োগ করিবেন। উক্ত বিষয়ে মধ্যস্থতাকারীগণের রায়/সিদ্ধান্ত উভয় পক্ষ মানিয়া লইতে বাধ্য থাকিবেন।

Continental Scale of Disability Benefits

Description of Permanent Partial Disability	*Percent of the Sum*
Head	
Complete deafness of both ears of traumatic origin	50%
Complete deafness of one ear	10%
Loss of one eye	40%
Removal of the lower jaw	20%
Upper Limbs	
Loss of one arm of one hand	50%
Considerable loss of osseous substance of the arm	20%
Total amputation of thumb	20%
Total amputation of four finger including thumb	25%
Total amputation of index finger only	15%
Total amputation of middle only	10%
Total amputation of ring finger only	08%
Total amputation of little finger only	05%
Lower Limbs	
Total loss or total loss of use of lower limb above the kind	50%
Total loss or total loss of use of lower limb below the knee	40%
Total loss of foot	30%
Anchylosis of the hip	30%
Anchylosis of the knee	25%
Total amputation of all the toes	25%
Total amputation of four toes including big toe	15%
Total amputation of the big toe	07%
Total amputation of one toe other than the big toe	02%

এই চুক্তিনামা দুই প্রস্থে লিখিত এবং   ইং তারিখে ঢাকায় সম্পাদিত ও উভয় পক্ষের যথাযথ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক নিম্নে স্বাক্ষরিত হইল।

সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ

৩৪,বাংলামটর, ঢাকা-১০০০।

স্বাক্ষীগণ

১।

স্বাক্ষীগণ

১।